

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অর্থ বিভাগ  
উন্নয়ন অনুবিভাগ

নং-অম/অবি/উন্নয়ন-১/বিবিধ-৫২/৯৬/৪১৬

তারিখ: ২৯ আশ্বিন, ১৪০৪ বঙ্গাব্দ  
১৪ অক্টোবর, ১৯৯৭ খ্রিষ্টাব্দ

পরিপত্র

অর্থ বিভাগের ৩-৭-৯৭ ইং তারিখের অম/ অবি/ উঃ-১/ বিবিধ-৫২/ ৯৬/ ৩২০ ও ৩২১ নং স্মারক দুইটির অনুবৃত্তিক্রমে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যেঃ-

- ক) যে সকল প্রকল্পে ইতোমধ্যে সাকুল্যে বেতন কর্মকর্তা/ কর্মচারী নিয়োগ করা হয়েছে তারা প্রকল্প সমাপ্তিতে প্রতি বৎসর (১২ মাস) চাকরির জন্য ২ (দুই) মাসের সাকুল্যে বেতনের সমপরিমাণ অর্থ আর্থিক সাহায্য হিসেবে পাবেন। এ ধরনের সুবিধা কেবলমাত্র সাকুল্যে বেতনে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে। তবে যারা প্রকল্প সমাপ্তির পর রাজস্ব বাজেটের নিয়মিত পদে নিযুক্ত হবেন তারা আর্থিক সাহায্য পাবেন না।
- খ) প্রকল্প সমাপ্তির পর কোন কর্মকর্তা/ কর্মচারীর চাকরির মেয়াদে কোন ভগ্নাংশ হলে সে ক্ষেত্রে তারা আনুপাতিক হারে আর্থিক সুবিধা পাবেন।
- গ) এই সংক্রান্ত প্রয়োজনীয় অর্থের সংকুলান সংশ্লিষ্ট প্রকল্পের পিসিপি/ পিপি/ টিএপিপি তে অন্তর্ভুক্ত করেতে হবে এবং বাস্তবায়নকারী মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থা উহা নিশ্চিত করবে।

উপরোক্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য সকল মন্ত্রণালয়/ বিভাগকে অনুরোধ জ্ঞাপন করা হল।

মোঃ মোজাম্মেল হক  
যুগ্ম-সচিব (উন্নয়ন)  
ফোন:-৮৬৪৪৮৪  
৩৭৪৪ (বু)

বিতরণ:

- ১। সচিব, ----- (সকল) মন্ত্রণালয়/ বিভাগ।
- ৩। সদস্য, ----- (সকল) পরিকল্পনা কমিশন।
- ৪। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ।
- ৫। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:-

নং-অম/অবি/উন্নয়ন-১/বিবিধ-৫২/৯৬/৪১৬

তারিখ: ২৯ আশ্বিন, ১৪০৪ বঙ্গাব্দ  
১৪ অক্টোবর, ১৯৯৭ খ্রিষ্টাব্দ

- ১। অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
- ২। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ।

অরিজিৎ চৌধুরী  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৮৬০৬৭৮